দৈনিক
ইনকিলাব

07 DEC 2005

# একমুখী শিক্ষা পিছিয়ে দেয়া ব্যর্থতা নয় পদত্যাগের প্রশ্ন আসছে কেন : শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বলেছেন, কোন চাপের মুখে নয়, আরো প্রস্তুতির প্রয়োজনে এক বছরের জন্য একমুখী শিক্ষা ব্যবস্থা চালুর সিদ্ধান্ত স্থগিত করা হয়েছে। শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের ব্যাপকভাবে অবহিত করে একমুখী

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

১১-এর পৃষ্ঠার পর

শিক্ষা চালু করতে সরকার কিছু সময় নিয়েছে। এটি জয়-পরাজয়ের কোন বিষয় নয়। তিনি বলেন, একমুখী শিক্ষা বাতিলের দাবী রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। গতকাল (মঙ্গলবার) বিকেলে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় এ কথা বলেন শিক্ষামন্ত্রী।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, সময়োপযোগী একমুখী শিক্ষা চালুর বিষয়টি নিয়ে রাজনৈতিকভাবে মোকাবিলায় আন্দোলনে নামানো হয়েছে। ইচ্ছা করলে আমরাও বিষয়টি রাজনৈতিকভাবে প্রতিহত করতে পারতাম। কিন্তু শিক্ষার মত একটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে রাজনীতি চলে না। শিক্ষাকে রাজনৈতিক বলয়ে না এনে একাডেমিক পর্যায়ে রাখা উচিত।

অপর এক প্রশ্নের জবাবে ডঃ ওসমান ফারুক বলেন, বিমানমন্ত্রীর ব্যর্থতার জন্য পদত্যাগ করেছেন কিনা জানি না। একমুখী শিক্ষা পিছিয়ে দেয়া কোন ব্যর্থতা নয়। সেখানে পদত্যাগের প্রশ্ন আসছে কেন।

তিনি বলেন, বিশ্বের ১শ' ২১টি দেশে একমুখী শিক্ষা প্রচলিত। সময়ের প্রয়োজনে শিক্ষানীতিতে পরিবর্তন ও পরিমার্জন আবশ্যক। মন্ত্রী বলেন, যারা একমুখী শিক্ষার বিরোধিতা করেছেন তারা সীমাবদ্ধ রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এ পরিবর্তনকে দেখেছেন।

এক প্রশ্নের জবাবে ডঃ এম ওসমান ফারুক বলেন, একমুখী শিক্ষা ব্যবস্থা এক বছরের জন্য স্থগিত হওয়ায় ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণীর পাঠ্যপুস্তকের কোন সংকট হবে না। নবম-দশম শ্রেণীর

পাঠ্যপুস্তকও জানুয়ারীর মধ্যে বাজারে পাওয়া যাবে।

পুস্তক প্রকাশকদের এক হাজার কোটি টাকার ক্ষতি প্রসঙ্গে মন্ত্রী বলেন, এত টাকা ক্ষতি পূরণ দাবীর প্রশ্নই ওঠে না। তবুও তাদের সাথে আলোচনা করে এ সমস্যার সমাধান করা হবে। এ মত বিনিময় অনুষ্ঠানে শিক্ষা সচিব আব্দুল আজিজ এনডিসি উপস্থিত ছিলেন।